



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৬৯

১৪ মে ২০১৫

নির্দেশনা

Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, স্টক ব্রোকারে রাস্কিত গ্রাহক হিসাব পরিচালনার ক্ষেত্রে ইস্যুয়ার কোম্পানি অথবা মিউচ্যুয়াল ফান্ড এর জন্য নিম্নবর্ণিত নির্দেশনা জারি করিল; যাহা অন্তিবিলম্বে কার্যকর হইবেঃ

- ক) ইস্যুয়ার কোম্পানি অথবা মিউচ্যুয়াল ফান্ড লভ্যাংশ অথবা ডগ্লাংশ বোনাস এর বিক্রয়লক্ষ অর্থ প্রদানের ক্ষেত্রে মার্জিন প্রেণীভূত গ্রাহকদের বিও হিসাবসমূহের লভ্যাংশের অর্থ একত্রে উক্ত বিও হিসাবসমূহের তালিকাসহ একটি চেক বা ডিভিডেন্ট ওয়ারেন্ট এর মাধ্যমে তাহাদের সংশ্লিষ্ট ডিপিকে প্রেরণ করিবে। উক্ত ডিপি পরবর্তীতে তালিকা অনুযায়ী তাহা সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের হিসাবে বন্টন করিবে;
- খ) স্টক ব্রোকারের অনুমতি ব্যতিত তাহার কোন মার্জিন গ্রাহক রাইট শেয়ার রিনানসিয়েট করিতে পারিবে না; এবং
- গ) এই ব্যাপারে স্টক ব্রোকার সংশ্লিষ্ট ইস্যুয়ার কোম্পানিকে অথবা সম্পদ ব্যবস্থাপককে তাহাদের মার্জিন গ্রাহকের তালিকা প্রদান করিবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

অধ্যাপক ড. এম. খাইরুল হোসেন
চেয়ারম্যান